আমি দুনিয়োতে তোমার পাপকে ঢেকে রেখেছিলাম, আর আজ তা তোমাকে ক্ষমা করে দিচ্ছি।’

ইবন ‘উমার রাদিয়াল্লাহু আনহুমা বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, “কিয়ামতের দিন ঈমানদারকে রাব্বুল আলামীনের এত নিকটে
নিয়ে আনা হবে যে, আল্লাহ তাআলা তার উপর নিজ পর্দা রেখে তার পাপসমূহের স্বীকারোক্তি আদায় করে নিবেন। তাকে জিজ্ঞেস করবেন, ‘এই পাপ তুমি জান কি? এই পাপ জান কি?’ মুমিন বলবে, ‘হে আমার রব! আমি জানি।’ তিনি বলবেন, ‘আমি যমীনে তোমার পাপকে ঢেকে রেখেছিলাম, আর আজ তা তোমার জন্য ক্ষমা করে দিচ্ছি।’ অতঃপর তাকে তার নেক আমলের আমলনামা দেওয়া হবে।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আল্লাহ তা‘আলা কিয়ামতের দিন কাছে আসবেন এবং তার মুমিন বান্দার সাথে একান্তে মিলবেন এবং তাকে হাশরের মাঠে লোকদের থেকে আড়াল করে নিবেন, তারপর গোপনে তার গুনাহ ও অপরাধগুলোর স্বীকৃতি নিবেন। তুমি কি অমুক গুনাহ জান? তুমি কি অমুক গুনাহ জান? সে তা স্বীকার করবে। তখন আল্লাহ বলবেন, আমি দুনিয়াতে তোমার পাপকে গোপন রেখেছি, সেটা দ্বারা মাখলুকের সামনে তোমাকে অপমান করি নি। অনুরূপভাবে আজকের দিন তাদের থেকে তোমার গুনাহসমূহ গোপন করব। আর তোমাকে ক্ষমা করে দিব।

https://sunnah.global/hadeeth/bn/show/4242